

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ  
রাজউক ভবন, ঢাকা।  
[www.rajuk.gov.bd](http://www.rajuk.gov.bd)

বিষয়ঃ ১৪ ফেব্রুয়ারি, ২০২২খ্রি. তারিখে অনুষ্ঠিত রাজউক এর (০২/২০২২ তম) সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ।

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের চেয়ারম্যান (সচিব) মহোদয়ের সভাপতিত্বে ১৪ ফেব্রুয়ারি, ২০২২খ্রি. তারিখে অনুষ্ঠিত (০২/২০২২ তম) সমন্বয় সভার অনুমোদিত কার্যবিবরণীর হার্ডকপি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হ'ল।

০২। বর্ণিতাবস্থায়, সভায় গৃহীত সিদ্ধান্তের স্ব স্ব শাখা/বিভাগের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন/কার্যপত্র/আলোচ্যসূচির হার্ডকপি আগামী ০৩ মার্চ, ২০২২খ্রি. তারিখের মধ্যে আবশ্যিকভাবে প্রশাসন শাখায় এবং এ সংক্রান্ত প্রমাণক সমূহের soft copy (ওয়ার্ড ফাইল নিকস্ ফর্টে) ddadmin2@rajukdhaka.gov.bd ইমেইল ঠিকানায় প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

সংযুক্ত: বর্ণনা মতে- ১৫ (পনেরো) ফর্দ।

স্বাঃ

মুহম্মদ কামরুজ্জামান  
পরিচালক (প্রশাসন)

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।  
E-mail: diradmin@rajukdhaka.gov.bd  
ফোন: ০২২২৩৩৯০৯৮০ (অফিস)

নং-২৫.৩৯.০০০০.০১১.০৬.০০২.২২- ৪৫৭

তারিখ:- ১০ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ  
১৭ ফেব্রুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সদস্য (সকল), রাজউক, ঢাকা।
২. প্রধান প্রকৌশলী (সকল), রাজউক, ঢাকা।
৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, রাজউক, ঢাকা। (রাজউক এর ০২/২০২২ তম সমন্বয় সভার কার্যবিবরণী রাজউকের ওয়েবপোর্টালে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৪. পরিচালক (সকল), রাজউক, ঢাকা।
৫. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), রাজউক, ঢাকা।
৬. প্রকল্প পরিচালক (সকল), রাজউক, ঢাকা।
৭. নগর পরিকল্পনাবিদ (সকল), রাজউক, ঢাকা।
৮. নগর স্থপতি, রাজউক, ঢাকা।
৯. সিস্টেম এনালিস্ট, রাজউক, ঢাকা।
১০. উপপরিচালক (সকল), রাজউক, ঢাকা।
১১. নির্বাহী প্রকৌশলী (সকল), রাজউক, ঢাকা।
১২. অথরাইজড অফিসার (সকল), রাজউক, ঢাকা।
১৩. উপনগর পরিকল্পনাবিদ (সকল), রাজউক, ঢাকা।
১৪. বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট (সকল), রাজউক, ঢাকা।
১৫. আইন কর্মকর্তা, রাজউক, ঢাকা।
১৬. লিয়ার্জো অফিসার, রাজউক, ঢাকা। [চেয়ারম্যান (সচিব) মহোদয়ের সদয় অবগতির জন্য]
১৭. তথ্য প্রদান কর্মকর্তা (তথ্য অধিকার আইন-২০০৯ অনুযায়ী), রাজউক, ঢাকা।
১৮. গার্ড ফাইল।

১৩/২/২০২২  
পরিচালক (প্রশাসন)

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ  
রাজউক ভবন, ঢাকা  
www.rajuk.gov.bd

বিষয় : রাজউক এর ০২/২০২২ তম মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।  
সভাপতি : জনাব এ বি এম আমিন উল্লাহ নুরী, চেয়ারম্যান, রাজউক।  
তারিখ ও সময় : ১৪ ফেব্রুয়ারি ২০২২, সকাল ১১:০০ ঘটিকা।  
সভার স্থান : রাজউক সভাকক্ষ।  
উপস্থিতির তালিকা : পরিশিষ্ট-ক

সভার শুরুতে সভাপতি মহান ভাষা শহীদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং উপস্থিত সকলকে পহেলা ফাল্গুনের শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।  
অতঃপর পরিচালক (প্রশাসন) কে আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য অনুরোধ করেন।

আলোচ্যসূচি ২: ১০/২০২১ তম সমন্বয় সভার কার্যবিবরণী পঠন এবং দৃষ্টিকরণ।

সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন) বিগত ১২.০১.২০২২খ্রি. তারিখে অনুষ্ঠিত ০১/২০২২ তম মাসিক সমন্বয় সভার সিদ্ধান্তের অগ্রগতি ও বাস্তবায়ন সম্পর্কে উপস্থিত সকল কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন। সভায় গত ০১/২০২২ তম সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোনো সংশোধন বা সংযোজন না থাকায় তা দৃষ্টিকরণ করা হয়। অতঃপর পরিচালক (প্রশাসন), রাজউক সভার আলোচ্য বিষয়াদি পর্যায়ক্রমে উপস্থাপন করেন। সভায় আলোচ্য বিষয়াদি উপস্থাপিত হয় এবং নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

আলোচ্যসূচি ৩ : অনিষ্পন্ন চিঠি নিষ্পত্তি সংক্রান্ত তথ্য বিবরণী।

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা								বাস্তবায়নকারী শাখা/বিভাগ
৩.১	অনিষ্পন্ন বিষয়	(ক) গত মাসের বিভিন্ন উইং, শাখা/ দপ্তরের প্রাপ্ত সকল চিঠিপত্রের নিষ্পত্তি সংক্রান্ত প্রতিবেদন নিম্নোক্ত ছক আকারে উপস্থাপন করা হয়:								সকল শাখা/বিভাগ
		উইং এর নাম	গত মাসের জের	আলোচ্য মাসে প্রাপ্তি	মোট প্রাপ্তি	আলোচ্য মাসে নিষ্পত্তি	মাসের শেষ কার্য দিবসে অনিষ্পন্ন			মন্তব্য
							এক সপ্তাহের অধিক অথচ দুই সপ্তাহের বেশি নহে	দুই সপ্তাহের অধিক অথচ এক মাসের বেশি নহে	এক মাসের অধিক	মোট
		১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
	সদস্য (প্রশাসন ও অর্থ)	৯	২৩৬	২৪৫	২৪১	২	২	০	৪	পরিচালক (প্রশাসন, নিরীক্ষা ও বাজেট, বোর্ড জনসংযোগ ও প্রটোকল, আইন কর্মকর্তা) এর দপ্তর হতে প্রাপ্ত তথ্য মোতাবেক। অন্যান্য শাখা/দপ্তর হতে এ সংক্রান্ত তথ্য পাওয়া যায়নি।
	সদস্য (পরিকল্পনা)	১৩	১৩৩	১৪৬	১২৩	৬	৪	১	২৩	গত মাসের জেরসহ ২৩টি অনিষ্পন্নের মধ্যে ১২টির অনিষ্পন্নকাল উল্লেখ করা হয়নি। নগর পরিকল্পনাবিদ (পরিকল্পনা প্রণয়ন, নগর পরিকল্পনা ও বাস্তবায়ন) শাখা হতে প্রাপ্ত তথ্য মোতাবেক। অন্যান্য শাখা/দপ্তর হতে এ সংক্রান্ত তথ্য পাওয়া যায়নি।
	সদস্য (এস্টেট ও ভূমি)	৩৪২	১১৮৮	১৫৩০	১১৫৩	১৬৪	১২৪	৩৭	৩৭৭	গত মাসের জেরসহ ৩৭৭টি অনিষ্পন্নের মধ্যে ৫২টির অনিষ্পন্নকাল উল্লেখ করা হয়নি। উপ-পরিচালক (এস্টেট ও ভূমি-১,২,৩,৪) শাখা হতে প্রাপ্ত তথ্য মোতাবেক।

সদস্য (উন্নয়ন)	০	১১০	১১০	১০৭	৩	-	-	৩	নির্বাচনী প্রকৌ: (বৈদ্যুতিক-১,২ ও ডিজাইন-১) শাখা হতে প্রাপ্ত তথ্য মোতাবেক। অন্যান্য শাখা/দপ্তর হতে তথ্য পাওয়া যায়নি।
সদস্য (উন্নয়ন নিয়ন্ত্রণ)	৩	৪২৬	৪২৯	৩৫৩	১৫	-	-	৭৬	গত মাসের জেরসহ ৭৬টি অনিষ্পন্নের মধ্যে ৬১টির অনিষ্পন্নকাল উল্লেখ করা হয়নি। পরিচালক (উ.নি.-১, উ.নি.-২) এর দপ্তর হতে প্রাপ্ত তথ্য মোতাবেক।

সভাপতি বলেন, প্রতিমাসে প্রাপ্ত ডাক অনুযায়ী প্রতিটি উইং, শাখা/দপ্তরে প্রাপ্ত সকল চিঠিপত্রের ক্রমানুযায়ী নিষ্পত্তি সংক্রান্ত প্রতিবেদন নির্ধারিত ছকে উপস্থাপন করা প্রয়োজন। অনিষ্পন্ন চিঠিপত্র তালিকা আকারে, ০২ (দুই) মাসের অধিক হলে যথাযথ কারণ উল্লেখসহ উপস্থাপন করতে বলেন। এছাড়াও অনিষ্পন্ন ডাক সমূহ দ্রুততম সময়ের মধ্যে নিষ্পন্নসহ প্রতিটি শাখায় প্রাপ্ত রেজিস্টার সংরক্ষণ যথাযথভাবে সংরক্ষণ করার নির্দেশ প্রদান করেন এবং সকল শাখা/দপ্তর প্রধান পত্রপ্রাপ্তি রেজিস্টার প্রতি মাসে যাচাই করবেন। পরবর্তী সভায় প্রতিমাসে উইং, শাখা/ দপ্তরের প্রাপ্ত সকল চিঠিপত্রের ক্রমানুযায়ী নিষ্পত্তি সংক্রান্ত প্রতিবেদন নিম্নোক্ত ছক আকারে প্রতি মাসের ০৩ (তিন) তারিখের মধ্যে প্রশাসন শাখায় প্রেরণ করতে হবে। এ সংক্রান্ত প্রমাণকসমূহের সফট কপি (নিকস ফন্টে) ও স্বাক্ষরিত হার্ড কপির স্ক্যান কপি memadmin@rajukdhaka.gov.bd,diradmin@rajukdhaka.gov.bd,ddadmin2@rajukdhaka.gov.bd ইমেইল ঠিকানায় প্রেরণ করতে হবে। পরিচালক (প্রশাসন) এর সার সংক্ষেপ সমন্বয় করে সভায় উপস্থাপন করবেন।

(খ) প্রতিটি শাখায় যথাযথভাবে প্রাপ্ত রেজিস্টার সংরক্ষণ করতে হবে।

#### গৃহীত সিদ্ধান্ত

(ক) পরবর্তী সভায় প্রতিমাসে উইং, শাখা/ দপ্তরের প্রাপ্ত সকল চিঠিপত্রের ক্রমানুযায়ী নিষ্পত্তি সংক্রান্ত প্রতিবেদন নিম্নোক্ত ছক আকারে প্রতি মাসের ০৩ (তিন) তারিখের মধ্যে প্রশাসন শাখায় প্রেরণ করতে হবে। এ সংক্রান্ত প্রমাণকসমূহের সফট কপি (নিকস ফন্টে) ও স্বাক্ষরিত হার্ড কপির স্ক্যান কপি memadmin@rajukdhaka.gov.bd,diradmin@rajukdhaka.gov.bd,ddadmin2@rajukdhaka.gov.bd ইমেইল ঠিকানায় প্রেরণ করতে হবে। পরিচালক (প্রশাসন) এর সার সংক্ষেপ সমন্বয় করে সভায় উপস্থাপন করবেন।

উইং, শাখা/দপ্তর এর নাম	গত মাসের জের	আলোচ্য মাসে প্রাপ্তি	মোট প্রাপ্তি	আলোচ্য মাসে নিষ্পত্তি	মাসের শেষ কার্য দিবসে অনিষ্পন্ন				মন্তব্য
					এক সপ্তাহের অধিক অথচ দুই সপ্তাহের বেশি নহে	দুই সপ্তাহের অধিক অথচ এক মাসের বেশি নহে	এক মাসের অধিক	মোট	
১	২	৩		৪	৫	৬	৭	৮	৯

আলোচ্যসূচি ৪: বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী শাখা/বিভাগ
১	২	৩	৪	৫
৪.১	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি	সভাপতি বলেন, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রতিষ্ঠানের সফলতা বিবেচনার অন্যতম বিবেচ্য বিষয়। তিনি বলেন প্রতিষ্ঠান সফলতা ও ব্যর্থতা তার বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন ও বাস্তবায়নের উপর নির্ভর করে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটি বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্য সমূহ বাস্তবায়নের লক্ষ্যে প্রতি কোয়ার্টারে সভা আয়োজন করবে। সভায় বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন করে মন্ত্রণালয়ে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। প্রতিটি শাখা বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্য সমূহ অর্জন করে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর নির্ধারিত ছকে প্রতি মাসের ০৩ (তিন) তারিখের মধ্যে প্রশাসন শাখায় প্রেরণ করা প্রয়োজন। সভাপতি আরও বলেন প্রতিমাসে যে সকল শাখার অর্জন হবে না সে সকল শাখাকে পত্র দিয়ে অবহিত করা প্রয়োজন, উক্ত পত্রে সচিব মহোদয় ও চেয়ারম্যান, রাজউককে অনুলিপি দিতে হবে। এছাড়া কাজের গতি আনয়নের লক্ষ্যে প্রমাণকসমূহের সফট কপি (নিকস ফন্টে) এবং স্বাক্ষরিত হার্ড কপির স্ক্যান কপি সংশ্লিষ্ট কর্মকর্তার অফিসিয়াল ইমেইল ঠিকানায় প্রেরণ করা প্রয়োজন।	(ক) প্রতিটি শাখা বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্য সমূহ অর্জন করে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর নির্ধারিত ছকে প্রতি মাসের ০৩ (তিন) তারিখের মধ্যে পরিচালক (প্রশাসন), রাজউক বরাবর প্রেরণ করতে হবে এবং এ সংক্রান্ত প্রমাণকসমূহের সফট কপি (নিকস ফন্টে) ও স্বাক্ষরিত হার্ড কপির স্ক্যান কপি memadmin@rajukdhaka.gov.bd, diradmin@rajukdhaka.gov.bd, ddadmin2@rajukdhaka.gov.bd ইমেইল ঠিকানায় আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে। (খ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত কমিটি প্রতি মাসে সভা আয়োজন করবে। (গ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে উল্লেখিত লক্ষ্যমাত্রাসমূহ প্রতিমাসে যথাযথভাবে অর্জিত না হলে সংশ্লিষ্ট শাখাকে পত্র দিয়ে অবহিত করতে হবে।	সকল শাখা/বিভাগের প্রধান।  বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত কমিটি  পরিচালক (প্রশাসন)

আলোচ্যসূচি ৫ : জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন।

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী শাখা/বিভাগ
১	২	৩	৪	৫
৫.১	জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন	জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত বিষয়টি বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর সাথে সংযুক্ত করা হয়েছে। রাজউকে এ সংক্রান্ত একটি কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটি জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যসমূহ মূল্যায়নের জন্য প্রতি কোয়ার্টারে সভা আয়োজন করে থাকে। সভায় বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন করে মন্ত্রণালয়ে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়। এছাড়া প্রতিটি শাখা জাতীয় শুদ্ধাচার কৌশলের লক্ষ্য সমূহ অর্জন করে প্রতি মাসের ০৩ (তিন) তারিখের মধ্যে নির্ধারিত ছকে প্রশাসন শাখায় প্রেরণ করা প্রয়োজন। জাতীয় শুদ্ধাচার কৌশল এর সাথে সংশ্লিষ্ট হওয়ায় রাজউকের সেবা গ্রহীতাদের সুবিধার্থে বিভিন্ন সেবা সংক্রান্ত প্রশ্নের সংয়ক্রিয় জবাব প্রদান সংক্রান্ত কল সেন্টার চালুকরণ, রাজউকের আওতাধীন এলাকায় সেবা সম্পর্কিত তথ্য বিলবোর্ড ও ডিসপ্লে বোর্ডে প্রচার এবং রাজউকের বিভিন্ন সেবা প্রদান সংক্রান্ত আবেদন (নকশা অনুমোদন, ভূমি ব্যবহার ছাড়পত্র, নামজারী, হস্তান্তর) এর নমুনা ফরম	(ক) প্রতিটি শাখা জাতীয় শুদ্ধাচার কৌশলের লক্ষ্য সমূহ অর্জন করে নির্ধারিত ছকে প্রতি মাসের ০৩ (তিন) তারিখের মধ্যে পরিচালক (প্রশাসন), রাজউক বরাবর প্রেরণ করতে হবে এবং এ সংক্রান্ত প্রমাণকসমূহের সফট কপি (নিকস ফন্টে) ও স্বাক্ষরিত হার্ড কপির স্ক্যান কপি memadmin@rajukdhaka.gov.bd, diradmin@rajukdhaka.gov.bd, ddadmin2@rajukdhaka.gov.bd ইমেইল ঠিকানায় আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে। (খ) জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটি প্রতি কোয়ার্টারে সভা আয়োজন করবে।	সংশ্লিষ্ট সকল শাখা/বিভাগের প্রধান।  নৈতিকতা কমিটি

		তৈরী, চালু ও ওয়েব সাইটে প্রকাশ এর বিষয়ে সভায় আলোচনা হয়। এছাড়া যে সকল কাজের অগ্রগতি সন্তোষজনক নয় সে সকল কাজ দ্রুততম সময়ের মধ্যে নিষ্পত্তি করা প্রয়োজন এবং কাজের গতি আনয়নের লক্ষ্যে প্রমাণকসমূহের সফট কপি (নিকস ফন্টে) এবং স্বাক্ষরিত হার্ড কপির স্ক্যান কপি সংশ্লিষ্ট কর্মকর্তার অফিসিয়াল ইমেইল ঠিকানায় প্রেরণ করা প্রয়োজন।	(গ) রাজউকের সেবা গ্রহীতাদের সুবিধার্থে বিভিন্ন সেবা সংক্রান্ত প্রশ্নের সংয়ক্রিয় জবাব প্রদান সংক্রান্ত কল সেন্টার আগামী ৩০ মার্চ, ২০২২ খ্রি. তারিখের মধ্যে চালু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।  (ঘ) রাজউকের আওতাধীন এলাকায় সেবা সম্পর্কিত তথ্য বিলবোর্ড ও ডিসপ্লে বোর্ডে প্রচার করার লক্ষ্যে ৩০ মার্চ ২০২২ খ্রি. তারিখের মধ্যে ডিজিটাল ডিসপ্লে বোর্ড ও ব্যানার রাজউক ভবন, উত্তরা জোনাল অফিস, মহাখালী জোনাল অফিস, নারায়ণগঞ্জ জোনাল অফিসসহ গুরুত্বপূর্ণ পয়েন্টে (গুলশান চব্বর, গাজীপুর, সিদ্ধিরগঞ্জ, ঝিলমিল, সাভার ইত্যাদি) স্থাপন করতে হবে।  (ঙ) রাজউকের বিভিন্ন সেবা প্রদান সংক্রান্ত আবেদন (নকশা অনুমোদন, ভূমি ব্যবহার ছাড়পত্র, নামজারী, হস্তান্তর) এর নমুনা ফরম তৈরী, চালু ও ওয়েব সাইটে আগামী এক (০১) সপ্তাহের মধ্যে প্রকাশ এর বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	সিনিয়র সিস্টেম এনালিস্ট  নির্বাহী প্রকৌশলী (বৈদ্যুতিক-১/২)  সিনিয়র সিস্টেম এনালিস্ট ও সংশ্লিষ্ট সকল শাখা/বিভাগের প্রধান।
--	--	--	---	--

**আলোচ্যসূচি ৬ : অফিস পরিদর্শন।**

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী শাখা/বিভাগ
১	২	৩	৪	৫
৬.১	অফিস পরিদর্শন।	সভাপতি বলেন, সুষ্ঠুকার্যের পরিবেশ সর্বোত্তম সেবা প্রাপ্তির অন্যতম পূর্বশর্ত। সুতরাং অফিসের কর্মপরিবেশ ঠিক আছে কি'না, যথাযথভাবে কার্যসম্পাদন করা হচ্ছে কি'না এবং সেবা প্রত্যাশিরা কাঙ্ক্ষিত সেবা পাচ্ছেন কি'না সে বিষয়ে সংশ্লিষ্ট উইং প্রধান, শাখা/দপ্তর প্রধানগণ নিয়মিতভাবে নিজ নিজ/ অধীনস্থ দপ্তর/শাখা এবং সংশ্লিষ্ট জোন/এলাকা পরিদর্শন করবেন ও পরিদর্শনের সুপারিশ বাস্তবায়নের পদক্ষেপ নেয়া প্রয়োজন।	উইং প্রধানগণ প্রতি মাসে ০১ (এক) বার অধীনস্থ দপ্তর এবং দপ্তর/শাখা প্রধানগণ প্রতিমাসে ০২ (দুই) বার করে নিজ নিজ/ অধীনস্থ দপ্তর/শাখা এবং সংশ্লিষ্ট জোন/এলাকা পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদনের সার সংক্ষেপ রাজউকের মাসিক সমন্বয় সভার পূর্বে প্রশাসন শাখায় প্রেরণ করতে হবে। এ সংক্রান্ত প্রমাণকসমূহের সফট কপি (নিকস ফন্টে) ও স্বাক্ষরিত হার্ড কপির স্ক্যান কপি memadmin@rajukdhaka.gov.bd, diradmin@rajukdhaka.gov.bd, ddadmin2@rajukdhaka.gov.bd ইমেইল ঠিকানায় প্রেরণ করতে হবে। পরিচালক (প্রশাসন) এর সার সংক্ষেপ সমন্বয় করে সভায় উপস্থাপন করবেন।	সকল শাখা/বিভাগ

আলোচ্যসূচি ৭ : প্রাক সমন্বয় সভা।

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী শাখা/বিভাগ
১	২	৩	৪	৫
৭.১	প্রাক সমন্বয় সভা	সভাপতি বলেন, প্রতিটি উইং, শাখা/দপ্তর প্রধানগণকে নিয়মিত প্রাক-সমন্বয় সভা আয়োজন করে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভা, রাজউকে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত এবং বোর্ড সভার সিদ্ধান্তগুলো বাস্তবায়ন পর্যালোচনার জন্য উদ্যোগ নেয়া প্রয়োজন। প্রতিটি উইং, শাখা/দপ্তর বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন এবং প্রতিটি উইং, শাখা/দপ্তর এর কার্যক্রমসমূহ রাজউকের মাসিক সমন্বয় সভায় আলোচনার লক্ষ্যে তাদের কার্যপত্র রাজউকের মাসিক সমন্বয় সভার পূর্বে প্রশাসন শাখার প্রেরণের ব্যবস্থা নিবেন এবং এ সংক্রান্ত প্রমাণকসমূহের সফট কপি (নিকস ফন্টে) ও স্বাক্ষরিত হার্ড কপির স্ক্যান কপি memadmin@rajukdhaka.gov.bd, diradmin@rajukdhaka.gov.bd, ddadmin2@rajukdhaka.gov.bd ইমেইল ঠিকানায় প্রেরণ করতে হবে।	উইং, শাখা/দপ্তর প্রধানগণ রাজউকের সমন্বয় সভার পূর্বে প্রাক সমন্বয় সভা আয়োজনের প্রয়োজনীয় পদক্ষেপ নিবেন এবং প্রাক সমন্বয় সভার কার্যবিবরণী এবং প্রতিটি উইং, শাখা/দপ্তর এর কার্যক্রমসমূহ রাজউকের মাসিক সমন্বয় সভায় আলোচনার লক্ষ্যে তাদের কার্যপত্র রাজউকের মাসিক সমন্বয় সভার পূর্বে প্রশাসন শাখার প্রেরণের ব্যবস্থা নিবেন এবং এ সংক্রান্ত প্রমাণকসমূহের সফট কপি (নিকস ফন্টে) ও স্বাক্ষরিত হার্ড কপির স্ক্যান কপি memadmin@rajukdhaka.gov.bd, diradmin@rajukdhaka.gov.bd, ddadmin2@rajukdhaka.gov.bd ইমেইল ঠিকানায় প্রেরণ করতে হবে।	সকল শাখা/বিভাগ

আলোচ্যসূচি ৮: বিগত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা :

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী শাখা/বিভাগ
১	২	৩	৪	৫
৮.১	শূন্যপদে জনবল নিয়োগ ও পদোন্নতি।	(ক) রাজস্ব খাতভুক্ত সরাসরি নিয়োগযোগ্য ২৫টি ক্যাটাগরির ২১৯টি শূন্যপদে নিয়োগের লক্ষ্যে লিখিত পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাইয়ের কার্যক্রম দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এ বিষয়ে পরিচালক (প্রশাসন) বলেন, এ সংক্রান্ত একটি রীট মামলা থাকায় নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা সম্ভব হচ্ছেনা।	(ক) রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের রাজস্ব খাতভুক্ত সরাসরি নিয়োগযোগ্য ২৫টি ক্যাটাগরির ২১৯টি শূন্যপদে নিয়োগের উপর রীট মামলাটি দ্রুততম সময়ের মধ্যে নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিচালক (প্রশাসন)
		(খ) রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের সাংগঠনিক কাঠামোর পদোন্নতিযোগ্য ৩৫১টি শূন্যপদ পদোন্নতির মাধ্যমে পূরণের নিমিত্ত গত ৯/১২/২০২১ তারিখে ও ১৬/০১/২০২২ তারিখে নিয়োগ ও পদোন্নতি সংক্রান্ত বাছাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।	(খ) বিগত ০৯/১২/২০২১খ্রি. ও ১৬/০১/২০২২ তারিখে অনুষ্ঠিত পদোন্নতি সংক্রান্ত বিভাগীয় পদোন্নতি কমিটির সভার কার্যবিবরণী নিষ্পন্নসহ ধারাবাহিকভাবে সভা আয়োজন করতে হবে।	পরিচালক (প্রশাসন)
		(গ) সভাপতি বলেন, রাজউকের যেসকল পদগুলো আপগ্রেডেশন (বেতন স্কেল এবং গ্রেড পরিবর্তন) করা দরকার তার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।	(গ) রাজউকের যেসকল পদগুলো আপগ্রেডেশন (বেতন স্কেল এবং গ্রেড পরিবর্তন) করা দরকার তার তালিকা করে আপগ্রেডেশনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পরিচালক (প্রশাসন)

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী শাখা/বিভাগ
১	২	৩	৪	৫
৮.২	প্রশিক্ষণ ও কর্মশালা আয়োজন	রাজউকের কাজের গতিবৃদ্ধি, মানউন্নয়ন এবং স্বচ্ছতা বৃদ্ধি, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) ও জাতীয় শুদ্ধাচার কৌশল প্রনয়ণ ও বাস্তবায়ন এর সাথে সংশ্লিষ্ট হওয়ায় নিম্নোক্ত বিষয়সমূহ GRS, NIS, E-Nothi, ভূমি ব্যবস্থাপনা, অডিট আপত্তির জবাব লিখন, এস.এফ লেখার নিয়মাবলী সম্পর্কে দক্ষতা অর্জন ও তথ্য অধিকার আইন এর উপর প্রশিক্ষণ আয়োজন করা প্রয়োজন। এছাড়াও জাতীয় সংসদ, সংসদীয় স্থায়ী কমিটির জবাব লিখনের বিষয়ে প্রশিক্ষণ প্রয়োজন। যেখানে প্রশিক্ষনার্থী হিসেবে উপ-পরিচালক বা তদুর্ধ্ব কর্মকর্তাগণ উপস্থিত থাকবেন।	(ক) রাজউকের কাজের গতিবৃদ্ধি, মানউন্নয়ন এবং স্বচ্ছতা বৃদ্ধি, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) ও জাতীয় শুদ্ধাচার কৌশল প্রনয়ণ ও বাস্তবায়ন এর সাথে সংশ্লিষ্ট হওয়ায় নিম্নোক্ত বিষয়সমূহ GRS, NIS, E-Nothi, ভূমি ব্যবস্থাপনা, অডিট আপত্তির জবাব লিখন, এস.এফ লেখার নিয়মাবলী সম্পর্কে দক্ষতা অর্জন ও তথ্য অধিকার আইন এর উপর প্রশিক্ষণ আয়োজন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।  (খ) জাতীয় সংসদ, সংসদীয় স্থায়ী কমিটির জবাব লিখনের বিষয়ে প্রশিক্ষণ আয়োজন করতে হবে। যেখানে প্রশিক্ষনার্থী হিসেবে উপ-পরিচালক বা তদুর্ধ্ব কর্মকর্তাগণ উপস্থিত থাকবেন।	পরিচালক (প্রশাসন) ও সংশ্লিষ্ট সকল শাখা/বিভাগের প্রধান।
৮.৩	রাজউক ভবনের নিরাপত্তা বিধান ও দালাল চক্রের প্রতিরোধ	সভাপতি বলেন, রাজউক ভবনে আগত দালাল চক্রের প্রতিরোধে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করতে হবে। প্রয়োজনে দালাল চক্র প্রতিরোধে আইন শৃংখলা নিয়ন্ত্রণকারী বাহিনীর সহযোগিতা গ্রহণ করা হবে। কোন কর্মকর্তা/ কর্মচারী কোন বহিরাগত ব্যক্তিকে নিজস্ব ব্যক্তি বা সাহায্যকারী হিসেবে ব্যবহার করতে পারবে না। এ বিষয়ে অফিস আদেশ জারী করতে হবে। এধরনের কাজে কোন কর্মচারী জড়িত থাকলে তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে এবং এ বিষয়ে সংশ্লিষ্ট শাখা/দপ্তর প্রধানগণও দায়ী থাকবেন। এছাড়া রেকর্ড রুমের নিরাপত্তার স্বার্থে রাজউক ক্যান্টিনের চূলা, আহার বিলাস হোটেলের চূলা এবং আনসার বাহিনীর ব্যবহৃত চূলা অন্যত্র সরানোর বিষয়ে আলোচনা হয়।	(ক) রাজউক ভবনে দালাল চক্রের আনাগোনা প্রতিরোধকল্পে এবং রাজউক কর্মকর্তা/ কর্মচারীদের সাহায্যকারী রাখা বন্ধে অফিস আদেশ জারী করতে হবে। রাজউক কর্মকর্তা/ কর্মচারী ব্যতিত অন্য কাউকে দাপ্তরিক কার্যক্রমে (যেমন-সাইট পরিদর্শন, নথি আনয়ন, প্রতিবেদন প্রস্তুত ইত্যাদি) ব্যবহার বন্ধের লক্ষ্যে প্রতি সপ্তাহে অন্তত একটি মোবাইল কোর্ট পরিচালনা করে দালাল/ বহিরাগতদের বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা এবং সদস্য (প্রশাসন ও অর্থ) সপ্তাহে এক দিন বিভিন্ন শাখা/দপ্তর পরিদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়।  (খ) রাজউক ক্যান্টিনের চূলা, আহার বিলাস হোটেলের চূলা এবং আনসার বাহিনীর ব্যবহৃত চূলা অন্যত্র সরানোর বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিচালক (প্রশাসন) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট, রাজউক  পরিচালক (প্রশাসন) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট, রাজউক
৮.৪	রাজউকের মালিকানাধীন ভূমির রেকর্ড সংক্রান্ত তথ্য সংরক্ষণ	রাজউকের ভূমি শাখার সকল তথ্য এবং নথিপত্র পরিচালক (এস্টেট ও ভূমি-১/২) এর তত্ত্বাবধানে নিতে হবে এবং সকল তথ্য আর্কাভিভ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।	রাজউকের ভূমি শাখার সকল তথ্য এবং নথিপত্র পরিচালক (এস্টেট ও ভূমি-১/২) এর তত্ত্বাবধানে নিতে হবে এবং সকল তথ্য আর্কাভিভ করতে হবে। এসংক্রান্ত কাজের অগ্রগতি প্রতিবেদন পরবর্তী সমন্বয় সভার পূর্বে প্রশাসন শাখায় প্রেরণ করতে হবে।	পরিচালক (এস্টেট ও ভূমি-১/২)
৮.৫	রাজউকের মালিকানাধীন অব্যবহৃত জমি উদ্ধার সংক্রান্ত	(ক) অবৈধ দখলকৃত জমির তালিকা প্রস্তুতের বিষয় সভায় আলোচনা হয়। সভাপতি বলেন, রাজউকের মালিকানাধীন জমি উদ্ধারে সংশ্লিষ্ট শাখার কার্যকারী ভূমিকা প্রয়োজন। জোনাল পরিচালকগণ তার আওতাধীন রাজউকের জমি অবৈধভাবে দখলে থাকলে তার তালিকা সংরক্ষণ পূর্বক কর্তৃপক্ষের নজরে আনতে হবে। প্রতি সপ্তাহে যে কোন একটি অবৈধ দখলকৃত জমি উদ্ধারের প্রস্তাব আসতে হবে। উদ্ধার অভিযানের সময় নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করা প্রয়োজন। উদ্ধারকৃত রাজউকের জমিতে তারকাটার বেড়া নির্মাণ, সাইনবোর্ড টানানো এবং আনসার মোতায়েনের কার্যক্রম সম্পাদিত হওয়া জরুরী মর্মে সভায় বিস্তারিত আলোচনা হয়।	(ক) (১) প্রত্যেক জোনাল পরিচালক এবং পরিচালক (এস্টেট ও ভূমি ১/২) তার আওতাধীন রাজউকের জমি অবৈধভাবে দখলে থাকলে তার তালিকা প্রস্তুত করে, প্রতি সপ্তাহে যে কোন একটি অবৈধ দখলকৃত জমি উদ্ধারের প্রস্তাব প্রেরণ পূর্বক উদ্ধার অভিযানের সময় নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করতে হবে। (২) উদ্ধারকৃত রাজউকের জমিতে তারকাটার বেড়া নির্মাণ, সাইনবোর্ড টানানো এবং আনসার মোতায়েনের কার্যক্রম উন্নয়ন শাখা এবং সংশ্লিষ্ট জোনাল অফিস কর্তৃক সম্পাদিত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হল।	প্রধান প্রকৌশলী (বাস্তবায়ন), পরিচালক (জোনঃ ১-৮) ও পরিচালক (এস্টেট ও ভূমি ১/২)

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী শাখা/বিভাগ
১	২	৩	৪	৫
		(খ) গুলশানে ৩১টি প্লটে মামলা থাকায় এ বিষয়ে উচ্চ ক্ষমতাসম্পন্ন একটি কমিটি গঠন করা হয়েছে। গুলশানে ৫০ নং রোডের ১১নং এবং ২৯ নং প্লটটি উক্ত তালিকায় থাকায় কমিটির প্রতিবেদনের আলোকে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের ব্যাপারে আলোচনা হয়।	(খ) গুলশানে ৩১টি প্লটে মামলা থাকায় এ বিষয়ে গঠিত কমিটির প্রতিবেদনের আলোকে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হল।	পরিচালক (এস্টেট ও ভূমি ১)
		(গ) মতিঝিলে অবস্থিত বাংলাদেশ ব্যাংকের পিছনের জায়গায় অবৈধভাবে বসবাসকারীদের উচ্ছেদ করে রাজউকের নিজেস্বকাজে ব্যবহারের লক্ষ্যে প্রস্তাব উপস্থাপনসহ বাস্তবায়নের কর্মপরিকল্পনা ঠিক করার বিষয়ে আলোচনা হয়।	(গ) মতিঝিলে অবস্থিত বাংলাদেশ ব্যাংকের পিছনের জায়গায় অবৈধভাবে বসবাসকারীদের উচ্ছেদ করে রাজউকের নিজেস্বকাজে ব্যবহারের লক্ষ্যে প্রস্তাব উপস্থাপনসহ উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রধান প্রকৌশলী (বাস্তবায়ন), নগর স্থপতি ও পরিচালক (জোন-৬)
		(ঘ) রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের আওতাধীন প্রকল্পের বিপরীতে এল এ কেস এর তথ্য অধিগ্রহণকৃত জমির পরিমাণ প্রকাশিত গেজেটের সংখ্যা এবং অপ্রকাশিত গেজেট এর সংখ্যার বিষয়ে সুনির্দিষ্ট তথ্য থাকা প্রয়োজন। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের নির্ধারিত ছকে (পরিশিষ্ট-খ) সুনির্দিষ্টভাবে ডাটাবেইজ করে সে সংক্রান্ত তথ্য (মৌজাওয়ারি) এ সংক্রান্ত গঠিত কমিটি ১.পরিচালক (এস্টেট ও ভূমি-২)- আহবায়ক ২.উপপরিচালক (এস্টেট ও ভূমি-১)-সদস্য সচিব) আগামী সমন্বয় সভার পূর্বে দাখিল করার বিষয়ে আলোচনা হয়। এছাড়া যে সকল জমির গেজেট হয় নি তার মধ্যে হতে প্রতিমাসে অন্তত: দুইটি এলএ কেসের গেজেট প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার ব্যাপারে আলোচনা হয়।	(ঘ) (১) রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের আওতাধীন প্রকল্পের বিপরীতে কতটি এল এ কেস আছে? এতে জমির পরিমাণ কতটুকু? কতটি গেজেট প্রকাশ হয়েছে? কতগুলো গেজেট প্রকাশ হয়নি সে বিষয়ে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের নির্ধারিত ছকে (পরিশিষ্ট-খ) সুনির্দিষ্টভাবে ডাটাবেইজ করে সে সংক্রান্ত তথ্য (মৌজাওয়ারি) প্রতিবেদন ১.পরিচালক (এস্টেট ও ভূমি-২)- আহবায়ক ২.উপপরিচালক (এস্টেট ও ভূমি-১)-সদস্য সচিব) এর সমন্বয়ে গঠিত কমিটি আগামী সমন্বয় সভায় উপস্থাপন করবেন।  (২) যে সকল জমির গেজেট হয় নি তার মধ্যে হতে প্রতিমাসে অন্তত: দুইটি এলএ কেসের গেজেট প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পরিচালক (এস্টেট ও ভূমি-২) ও উপপরিচালক (এস্টেট ও ভূমি-১)
৮.৬	উন্নয়ন শাখা	(ক) মালিবাগস্থ রাজউক অফিসার্স কোয়ার্টার এর নতুন ভবনের সীমানা প্রাচীর এর অগ্রগতি সম্পর্ক সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর দৃষ্টি আকর্ন করেন এবং পরবর্তী সভায় এ সংক্রান্ত কাজের সর্বশেষ অগ্রগতি উপস্থাপন করতে বলেন।	(ক) মালিবাগস্থ রাজউক অফিসার্স কোয়ার্টার এর নতুন ভবনের সীমানা প্রাচীর নির্মাণ করতে হবে। এ সংক্রান্ত কাজের সর্বশেষ অগ্রগতি প্রতিবেদন পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন করবেন।	নির্বাহী প্রকৌশলী (সদর দপ্তর)
		(খ) সভাপতি বলেন, জাতীয় শুদ্ধাচার কৌশল এর সাথে সম্পর্কিত হওয়ায়, রাজউকের আওতাধীন এলাকায় সেবা সম্পর্কিত তথ্য বিলবোর্ড ও ডিসপ্লে বোর্ডে প্রচার করার লক্ষ্যে ৩০ মার্চ ২০২২ খ্রি. তারিখের মধ্যে ডিজিটাল ডিসপ্লে বোর্ড ও ব্যানার রাজউক ভবন, উত্তরা জোনাল অফিস, মহাখালী জোনাল অফিস, নারায়ণগঞ্জ জোনাল অফিসসহ গুরুত্বপূর্ণ পয়েন্টে (গুলশান চত্বর, গাজীপুর, সিদ্ধিরগঞ্জ, ঝিলমিল, সাভার ইত্যাদি) স্থাপন করা প্রয়োজন।	(খ) রাজউকের আওতাধীন এলাকায় সেবা সম্পর্কিত তথ্য বিলবোর্ড ও ডিসপ্লে বোর্ডে প্রচার করার লক্ষ্যে ৩০ মার্চ ২০২২ খ্রি. তারিখের মধ্যে ডিজিটাল ডিসপ্লে বোর্ড ও ব্যানার রাজউক ভবন, উত্তরা জোনাল অফিস, মহাখালী জোনাল অফিস, নারায়ণগঞ্জ জোনাল অফিসসহ গুরুত্বপূর্ণ পয়েন্টে (গুলশান চত্বর, গাজীপুর, সিদ্ধিরগঞ্জ, ঝিলমিল, সাভার ইত্যাদি) স্থাপন করতে হবে।	প্রধান প্রকৌশলী (বাস্তবায়ন) ও নির্বাহী প্রকৌশলী (বৈদ্যুতিক-১/২)
		(গ) পাবলিক প্রাইভেট পার্টনারশিপ (পিপিপি) এর আওতায় সক্ষমতা বৃদ্ধির প্রশিক্ষণ, অভিজ্ঞতা বিনিময় সভা বিষয়গুলো বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর সাথে সম্পর্কিত হওয়ায় এর লক্ষ্যমাত্রা অর্জন করা অত্যন্ত জরুরী। সেলক্ষ্যে এ সংক্রান্ত কাজের অগ্রগতি পরিবর্তী সমন্বয় সভার পূর্বে প্রশাসন শাখায় প্রেরণ করা প্রয়োজন।	(গ) পাবলিক প্রাইভেট পার্টনারশিপ (পিপিপি) এর আওতায় সক্ষমতা বৃদ্ধির প্রশিক্ষণ, অভিজ্ঞতা বিনিময় সভা ও চুক্তি সম্পাদন সম্পর্কিত বিষয়গুলো বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর সাথে সম্পর্কিত হওয়ায় এর লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে এবং এ সংক্রান্ত কাজের অগ্রগতি পরিবর্তী সমন্বয় সভার পূর্বে প্রশাসন শাখায় প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রধান প্রকৌশলী (বাস্তবায়ন)



ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী শাখা/বিভাগ
১	২	৩	৪	৫
৮.৭	উন্নয়ন নিয়ন্ত্রণ শাখা	(ক) উন্নয়ন নিয়ন্ত্রণ উইং এর তথ্য সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হয়। যথাসময়ে প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করার জন্য এ কাজের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা নির্ধারন করে আবশ্যিকভাবে পরিচালক (প্রশাসন) বরাবর তথ্য প্রেরণ নিশ্চিত করার বিষয় আলোচনা হয়।	(ক) সকল প্রকার প্রতিবেদন আবশ্যিকভাবে প্রশাসন শাখার মাধ্যমে মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিচালক (উন্নয়ন নিয়ন্ত্রণ-১)
		(খ) রাজউকের আওতাধীন এলাকায় নির্মিত ও নির্মাণাধীন অবকাঠামোর ব্যত্যয় এর বিষয়ে কঠোর মনিটরিং কার্যক্রম এবং ব্যত্যয়কৃত অংশের উচ্ছেদ কার্যক্রম পুনরায় শুরুর বিষয়ে আলোচনা হয়। এছাড়া ব্যত্যয়কৃত অংশের উচ্ছেদ কার্যক্রম পরিচালনার সময় উচ্ছেদ কার্যক্রম ইলেকট্রিক/ প্রিন্ট মিডিয়ায় প্রচারের ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা হয়।	(খ) রাজউকের আওতাধীন এলাকায় নির্মিত ও নির্মাণাধীন অবকাঠামোর ব্যত্যয় এর বিষয়ে কঠোর মনিটরিং কার্যক্রম এবং ব্যত্যয়কৃত অংশের উচ্ছেদ কার্যক্রম পুনরায় আরম্ভ করার সিদ্ধান্ত গৃহীত হয়। প্রতি মাসে প্রতি জ্বোনের ০১ টি রোড ধরে উচ্ছেদ কার্যক্রম গ্রহণ করতে হবে। এছাড়া ব্যত্যয়কৃত অংশের উচ্ছেদ কার্যক্রম পরিচালনার সময় উচ্ছেদ কার্যক্রম ইলেকট্রিক/ প্রিন্ট মিডিয়ায় প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য পরিচালক (বোর্ড, জনসংযোগ ও প্রটোকল), রাজউক এর মাধ্যমে বহল প্রচারিত ইলেকট্রিক/ প্রিন্ট মিডিয়ায় পত্র প্রেরণ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিচালক (উন্নয়ন নিয়ন্ত্রণ-১/২), পরিচালক (জোন: ১-৮), পরিচালক (বোর্ড, জনসংযোগ ও প্রটোকল) ও সকল অথরাইজড অফিসার
		(গ) অনুমোদিত নক্সার ব্যত্যয় ঘটিয়ে অথবা অননুমোদিত ভাবে নির্মাণাধীন/ নির্মিত ভবন মালিকের পাশাপাশি এরূপ নির্মাণ কাজের সাথে সংশ্লিষ্ট প্রকৌশলী ও স্থপতিকে নক্সার ব্যত্যয় এর বিষয়ে পত্র প্রেরণ করতে হবে এবং পত্রের অনুলিপি সংশ্লিষ্ট পেশা-জীব সংগঠনের সভাপতি/ সাধারণ সম্পাদক এর নিকট প্রেরণসহ এ সংক্রান্ত সাংখ্যিক তথ্য প্রতি মাসের সমন্বয় সভায় উপস্থাপন করার বিষয়ে আলোচনা হয়।	গ) অনুমোদিত নক্সার ব্যত্যয় ঘটিয়ে অথবা অননুমোদিত ভাবে নির্মাণাধীন/ নির্মিত ভবন মালিকের পাশাপাশি এরূপ নির্মাণ কাজের সাথে সংশ্লিষ্ট প্রকৌশলী ও স্থপতিকে নক্সার ব্যত্যয় এর বিষয়ে পত্র প্রেরণ করতে হবে এবং পত্রের অনুলিপি সংশ্লিষ্ট পেশা-জীব সংগঠনের সভাপতি/ সাধারণ সম্পাদক এর নিকট প্রেরণসহ এ সংক্রান্ত সাংখ্যিক তথ্য প্রতি মাসের সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	পরিচালক (উন্নয়ন নিয়ন্ত্রণ-১/২)
		(ঘ) নির্মাণাধীন ভবনের তথ্য সংগ্রহ এবং ব্যত্যয়কৃত/অনুমোদনবিহীন বাড়ীর বিষয়ে প্রত্যেক অথরাইজড অফিসার ও ভবন পরিদর্শকগণ হালনাগাদ নির্মাণ কাজ পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করবেন। প্রতিবেদনের সুপারিশের আলোকে ব্যত্যয়কৃত অনুমোদনবিহীন/ বাড়ীর বিষয়ে বিধি মোতাবেক কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে সে সংক্রান্ত তথ্য নির্ধারিত ছকে (পেরিশিট-ক) পরবর্তী সভার পূর্বে প্রশাসন শাখায় প্রেরণ করা প্রয়োজন।	(ঘ) নির্মাণাধীন ভবনের তথ্য সংগ্রহ এবং ব্যত্যয়কৃত/অনুমোদনবিহীন বাড়ীর বিষয়ে প্রত্যেক অথরাইজড অফিসার ও ভবন পরিদর্শকগণ হালনাগাদ নির্মাণ কাজ পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করবেন। প্রতিবেদনের সুপারিশের আলোকে ব্যত্যয়কৃত অনুমোদনবিহীন/ বাড়ীর বিষয়ে বিধি মোতাবেক কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে সে সংক্রান্ত তথ্য নির্ধারিত ছকে (পেরিশিট-ক) জোনাল পরিচালকগণকে প্রতিমাসের ২ (দুই) তারিখের মধ্যে পরিচালক (উন্নয়ন নিয়ন্ত্রণ-১/২) এর নিকট এবং পরিচালক (উন্নয়ন নিয়ন্ত্রণ-১) কর্তৃক তা সমন্বয়পূর্বক প্রতিমাসের ৩ (তিন) তারিখের মধ্যে পরিচালক (প্রশাসন) বরাবর প্রতিবেদন আকারে দাখিল করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিচালক (উন্নয়ন নিয়ন্ত্রণ-১/২), পরিচালক (জোন: ১-৮) ও সকল অথরাইজড অফিসার
		(ঙ) সভাপতি বলেন, সেবা গ্রহিতাদের নকশা অনুমোদনের দীর্ঘদিন যাবত কোন কর্মকর্তা-কর্মচারীর নিকট যেন পরে না থাকে সে বিষয় মনিটরিং জোরদার করতে হবে। যদি কোন কর্মকর্তা-কর্মচারীর নিকট নিধারিত সময়ের অতিরিক্ত সময় নকশা অনুমোদনের নথি আটকে থাকে তাহলে তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা	(ঙ) প্রতি সপ্তাহে বি.সি কমিটির সভা আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং অনলাইনে নকশা অনুমোদনের ক্ষেত্রে প্রত্যেক পরিচালকগণ তার অধিনস্থ সকল কর্মকর্তা-কর্মচারীর নিকট সবচেয়ে বেশি দিন জমা থাকা নথির কম্পিউটারে প্রদর্শিত স্ক্রিনসর্ট পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন করবেন।	সদস্য (উন্নয়ন নিয়ন্ত্রণ) ও পরিচালক (উন্নয়ন নিয়ন্ত্রণ-১/২) এবং পরিচালক (জোন- ১/২ /৩/৪/৫/৬/৭/৮)

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী শাখা/বিভাগ																																																																												
১	২	৩	৪	৫																																																																												
		হবে। নকশা অনুমোদন কার্যক্রমকে আরও গতিশীল করার লক্ষ্যে প্রতি সপ্তাহে বি.সি কমিটির সভা আহবানের নির্দেশ দেন এবং সদস্য (উন্নয়ন নিয়ন্ত্রণ) এ বিষয়ে তার উইং এর কর্মকর্তা-কর্মচারীদের সমন্বয়ে সভা করবে মর্মে আলোচনা হয়।																																																																														
		(চ) জোন-৬ ও জোন-৭ এর অফিস স্থানান্তর এর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভাপতি, জোন-৬ এর অফিস হাতিরঝিল ভবনে এবং জোন-৭ এর অফিস স্থানান্তর করার জন্য কেরানীগঞ্জে স্পেস ভাড়া নিয়ে আগামী ০১ (এক) মাসের মধ্যে স্থানান্তর করার নির্দেশনা প্রদান করেন।	(চ) জোন-৬ এর অফিস হাতিরঝিল ভবনে এবং জোন-৭ এর অফিস স্থানান্তর করার জন্য কেরানীগঞ্জে স্পেস ভাড়া নিয়ে আগামী ০১ (এক) মাসের মধ্যে স্থানান্তর করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পরিচালক (জোন-৬,৭) ও অথরাইজড অফিসার (জোন-৬,৭)																																																																												
